# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়ায্যিন ব্যক্তির আযানের আওয়াজ যতদূর পর্যন্ত পৌঁছবে ততদূর পর্যন্ত তাকে ক্ষমা করা হয়

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْمُؤَذِّنِ مَدَى صوته بأذانه

আরবী

1664 ـ أخبرنا أبو خليفة حدثنا أبو الوليد الطيالس حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُوسَى بْنِ أَبِي عُثْمَانَ سَمِعْتُ أَبَا يَحْيَى يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الْمُؤَذِّنُ يُغفر لَهُ مَدَى صَوْتِهِ وَيَشْهَدُ لَهُ كُلُّ رَطْبٍ وَيَابِسٍ وَشَاهِدُ الصَّلَاةِ يُكتب لَهُ خَمْسٌ وَعِشْرُونَ حَسَنَةً ويُكَفَّرُ عَنْهُ مَا بينهما)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1664 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (528).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو يَحْيَى هَذَا: اسْمُهُ سَمْعَانُ مَوْلَى أَسْلَمَ مِنْ أَهْلِ الْمَدِينَةِ وَالِدِ أُنَيْسٍ وَمُحَمَّدٍ ابْنِي أَبِي يَحْيَى الْأَسْلَمِيِّ مِنْ جِلَّةِ التَّابِعِينَ
وَابْنُ ابْنِهِ إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي يَحْيَى: تالفٌ فِي الرِّوَايَاتِ
وَمُوسَى بْنُ أَبِي عُثْمَانَ: مِنْ سَادَاتِ أَهْلِ الْكُوفَةِ وَعُبَّادِهِمْ وَاسْمُ أَبِيهِ عِمْرَانُ.

বাংলা

১৬৬৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মুয়ায্যিনকে তার আওয়াজের সীমা পর্যন্ত তাকে ক্ষমা করা হয় এবং তার জন্য প্রতিটি সতেজ ও শুষ্ক জিনিস তার পক্ষে সাক্ষ্য দিবে। সালাতে উপস্থিত হওয়া ব্যক্তির জন্য ২৫ গুণ নেকি লিখা হয় এবং উভয় সালাতের মধ্যবর্তী গোনাহ মোচন করা হয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ ইয়াহইয়ার নাম সাম‘আন, তিনি মদীনার আসলাম গোত্রের

আজাদকৃত দাস, উনাইস ও মুহাম্মাদের বাবা। তিনি একজন মর্যাদাবান তাবে‘ঈ ছিলেন।”
তার নাতী হলেন ইবরাহিম বিন মুহাম্মাদ বিন আবূ ইয়াহইয়া হাদীস বর্ণনায় অগ্রহণযোগ্য ছিলেন।

মুসা বিন আবূ উসমান কুফাবাসীদের মাঝে একজন নেতৃস্থানীয় ব্যক্তি ও বড় ইবাদাতগুজার ছিলেন, তার বাবার নাম ইমরান।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪১১; আবূ দাঊদ: ৫১৫; নাসাঈ: ২/১৩; ইবনু মাজাহ: ৭২৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৬৩; সুনান বাইহাকী: ১/৪৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91258

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন